২০১৩

বাংলা (সাম্মানিক)

তৃতীয় পত্র

পূর্ণমান : ১০০ সময় : চার ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো দুটি) : ১০×২=২০

(ক) ঐতিহাসিক উপন্যাস বলতে কী বোঝ? ঐতিহাসিক উপন্যাসের লক্ষণসহ যে কোনো একটি ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো।

(খ) চেতনা প্রবাহ রীতি কী? চেতনা প্রবাহ রীতির বৈশিষ্ট্য দিয়ে যে কোনো একটি চেতনা প্রবাহ রীতির উপন্যাস আলোচনা করো।

(গ) আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য সহ, 'হাঁসুলিবাঁকের উপকথা' অথবা 'তিতাস একটি নদীর নাম' উপন্যাসকে আঞ্চলিক উপন্যাস বলা যায় কীনা বুঝিয়ে দাও।

(ঘ) ছোটগল্প কাকে বলে? উপন্যাস ও ছোটগল্পের পার্থক্য আলোচনা করো।

২। 'রজনী' প্রসঙ্গে প্রমথনাথ বিশী বলেছেন : 'রজনী' সৌন্দর্য জিজ্ঞাসার কাব্য'—মন্তব্যটি কতটা গ্রহণযোগ্য আলোচনা করো। ১৬

P.T.O.

অথবা,

অধিকাংশ ক্ষেত্রেই শিল্পী বঙ্কিম ও নীতিবাদী বঙ্কিমের মধ্যে যে সংঘর্ষ অপরিহার্য হয়ে উঠত 'রজনী' উপন্যাসের লবঙ্গলতার চরিত্র পরিকল্পনায় সে সংঘর্ষ অনেকটাই নিবারিত হয়েছে। আলোচনা করো।

৩। "চোখের বালি উপন্যাসে বিনোদিনী চরিত্রটি পরিকল্পনায় যেমন অভিনব ও প্রাণবন্ত, পরিণতিতে ততটা স্বাভাবিক নয়।"—আলোচনা করো। ১৬

অথবা,

"সাহিত্যের নবপর্যায়ের পদ্ধতি হচ্ছে ঘটনা পরম্পরায় বিবরণ দেওয়া নয়, বিশ্লেষণ করে তাদের আঁতের কথা বের করে দেখানো"—'চোখের বালি' উপন্যাসে এই পদ্ধতি কীভাবে প্রযুক্ত হয়েছে তা বিশ্লেষণ করো।

৪। "পল্লী সমাজ" উদ্দেশ্যমূলক হলেও শিল্পসার্থকতাবর্জিত উপন্যাস নয়—আলোচনা করো। ১৬

অথবা,

"সমাজ যাইহোক তাকে মান্য করতেই হবে।" 'পল্লীসমাজ' উপন্যাসে লেখকের সমাজবোধ এই চিন্তা দ্বারা প্রভাবিত কীনা বিচার করো।

৫। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) 'মেঘ ও রৌদ্র' গল্প সম্পর্কে সমালোচকের মন্তব্য—"বাস্তবলোক থেকে স্মৃতিলোকে রবীন্দ্রনাথ গল্পকে ফিরিয়ে নিয়ে গিয়েছেন।"—সমালোচকের এই অভিমত কতটা গ্রহণযোগ্য তা বিচার করো। ১০

অথবা,

"নারীর মর্যাদা সম্বন্ধে কবির ব্যক্তিগত মতামতের বহিঃপ্রকাশ 'হৈমন্তী' গল্প"—মন্তব্যটি কি সমর্থনযোগ্য?

(খ) প্রভাতকুমারের 'আদরিণী' গল্পটি বাঙালী জীবনের আগমনী বিজয়ার মতই বাৎসল্য মধুর—আলোচনা করো। ১০

অথবা,

'কেন' গল্পটিতে একটি অতিপ্রাকৃত পরিবেশ সৃষ্টি করা হয়েছে। এই পরিবেশ গল্পটির শিল্প-সাফল্যের ক্ষেত্রে কী ভূমিকা পালন করেছে তা ব্যাখ্যা করো।

৬। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) "সেই প্রাচীনে নবীনে মনের মিল ছিল—দর্পণের মত দুই জনে দুই জনের মন দেখিতে পাইত।"—উক্তিটি কার? প্রাচীন এবং নবীন কে কে?

(খ) "তুই ভালোবাসার কি জানিস?"—এই উক্তি কার? উক্তির আলোকে বক্তার মানসিকতা ব্যক্ত করো।

(গ) "ভাগ্যে বিবাহ করি নাই, স্ত্রী বিধবা হইলে তো একদণ্ডও টিকিতে পারিতাম না।"—কার উক্তি? এই উক্তি থেকে বক্তা চরিত্রের কী পরিচয় পাওয়া যায়?

(ঘ) "যা তিনি চেয়েছিলেন, তাঁর সেই দেশের চাষাভূষারা এবার ঘুম ভেঙে উঠে বসেছে।"—একথা কে কাকে কোন্ প্রসঙ্গে বলেছিল?

P.T.O.

(ঙ) "বাবা শুধু আলো জ্বেলে দে রে, শুধু আলো জ্বেলে দে।"—কে বলেছে? একথা বলার মধ্যে 'আলো জ্বেলে' দেওয়া বলতে কী বোঝানো হয়েছে?

২০১৩

বাংলা (সাম্মানিক)

চতুর্থ পত্র

পূর্ণমান : ১০০ সময় : চার ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

১। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) পত্রসাহিত্য বলতে কি বোঝায়? পত্র কখন সাহিত্য পর্যায়ে উন্নীত হয়? বাংলা পত্রসাহিত্যের একজন লেখকের রচনাধর্মের পরিচয় দাও। ৩+২+৫=১০

(খ) সমালোচনার ক্ষেত্রে ঐতিহাসিক পদ্ধতির বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ১০

(গ) বঙ্কিমচন্দ্র সমালোচনার কী উদ্দেশ্যের কথা বলেছেন? তাঁর মতের পর্যালোচনা করে সমালোচক হিসেবে তাঁর দৃষ্টিভঙ্গির পরিচয় দাও। ৪+৬=১০

(ঘ) ব্যক্তিজীবনের তথ্য জানার জন্য ডায়ারি পড়ি আর ব্যক্তির চিন্তার পরিচয় জানার জন্য পড়ি তার প্রবন্ধ।— সাধারণ প্রবন্ধ ও ডায়ারি সম্বন্ধে আলোচনা সূত্রে এই মন্তব্যের গ্রহণযোগ্যতা বিচার করো। ১০

২। "নরনারী" প্রবন্ধটিতে তীক্ষ্ণ মননের সঙ্গে কবিমনের স্পর্শ কতখানি মিশেছে তা বুঝিয়ে দাও। ১৬

P.T.O.

অথবা,

'বিষয় এবং বিন্যাসে, ভাবে এবং রূপে '**পঞ্চভূত**' শুধু রবীন্দ্রনাথের রচনাধারায় নয়, সমগ্র বাংলাসাহিত্যেই একক'—আলোচনা করে বুঝিয়ে দাও।

৩। ইউরোপীয় অলংকারের ভাষায়—কালিদাসের কাব্যে ক্লাসিসিজম ও রোমান্টিসিজমের অপূর্ব মিলন ঘটেছে। রবীন্দ্রনাথের কবিপ্রতিভাও এই মিলনপন্থী—আলোচনা করো। ১৬

অথবা,

"সাহিত্যের দর্পণেই জাতি যেন আপনাকে আপনার মধ্যে অবলোকন করে—তাহার আত্মসাক্ষাৎকার হয়"—লেখকের এই মন্তব্যের যাথার্থ বিচার করো।

৪। সুধীন্দ্রনাথের প্রবন্ধ পড়ে রবীন্দ্রনাথ তাঁকে 'মননের আর্টিষ্ট' শিরোপা দিয়েছিলেন। 'অন্তঃশীলা' প্রবন্ধের লেখক সম্পর্কে রবীন্দ্রনাথ প্রদত্ত এই অভিধার সার্থকতা নির্ধারণ করো। ১৬

অথবা,

"চিত্রাঙ্গদা একাধারে কাব্য, চিত্র ও সঙ্গীত অতএব তা চরম কাব্য" এই মন্তব্যের আলোকে 'চিত্রাঙ্গদা' প্রবন্ধে প্রাবন্ধিকের যে দৃষ্টিভঙ্গী ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো।

৫। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) "যাহা আবশ্যক তাহাই তাহার পক্ষে সর্বাপেক্ষা অনাবশ্যক।"—কার উক্তি? এ থেকে তার মনের কী পরিচয় পাওয়া যায়? ১+৩

(খ) ঈশ্বরগুপ্তের ব্যঙ্গের প্রকৃতি সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো। ১+৩

(গ) বাংলাদেশের অত্যুগ্রচণ্ডী কোন্ রূপে কোথায় ধরা দিয়েছেন? ৪

(ঘ) সত্যেন্দ্রনাথ তাঁর সমসময়ে প্রবলভাবে জনপ্রিয় হয়েছিলেন কেন? ৪

(ঙ) প্লেটো কে ছিলেন? তিনি কীভাবে সাহিত্যের ব্যাখ্যা করেছেন? ১+৩

৬। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ১০×২=২০

(ক) ছিন্নপত্রের ১৮ সংখ্যক পত্রে কবি অপূর্ব ব্যঞ্জনাময় ভাষায় প্রকৃতির সঙ্গে অন্তরঙ্গ ভাববিনিময়ের যে কাহিনি ব্যক্ত করেছেন তার স্বরূপ বিশ্লেষণ করো। ১০

অথবা,

রবীন্দ্রনাথের গদ্যশৈলীর যে পরিচয় ছিন্নপত্রে পাওয়া যায় তার সংক্ষিপ্ত আলোচনা করো।

(খ) ছিন্নপত্রের চিঠিগুলিতে সৌন্দর্যসাধক রবীন্দ্রনাথের যে পরিচয় ফুটে ওঠে তার বর্ণনা দাও। ১০

অথবা,

ছিন্নপত্রের কোনো কোনো চিঠিতে যে শুভ্র সুন্দর হাস্যরসের পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে আলোচনা করো।